গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, গাজীপুর সদর, গাজীপুর।

## জানুয়ারি-২০২৪ মাসে অনুষ্ঠিত গাজীপুর সদর উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভায় উপস্থিত সকল সদস্য'কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা আইসিটি বিস্তার ও উন্নয়ন সকল সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানে ওয়েপ

সভাপতি : ফয়সাল হক
উপজেলা নির্বাহী অফিসার

সভার তারিখ : ২৮ জানুয়ারি, ২০২৪ খ্রি.

সভার সময় : ১০ ঘটিকায়

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ

উপস্থিতি :পরিশিষ্ট "ক"

পোর্টাল পরিচালনা সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা সকল সরকারী দপ্তর ও কম্পিউটার ল্যাবসম্মুখে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ রাখা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**পরিদর্শন সংক্রান্ত:**

| ক্রমিক নং | পরিদর্শনের নাম | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী প্রোগ্রামার |
|---|---|---|---|
| ০১ | ইউডিসি পরিদর্শ/দর্শন | ০ টি | ০টি |
| ০২ | *শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন* | *০ টি* | *৩টি* |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য:**<br>এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১.১। স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরী খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য এবং সকল জনপ্রতিনিধি ও জনবলের তথ্যসহ সেবা গ্রহীতাদের সুবিধার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদ ও তা বহুল প্রচার করণে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২। যেসকল দপ্তরের বাতায়ন রিপোর্ট ১০০ ভাগের নিচে তাদের দ্রুত হালনাগাত করতে হবে। প্রয়োজনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ে যোগাযোগ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৩। যেসকল দপ্তরের বাতায়ন রিপোর্টে সম্পূর্ণতার হার ১০০ ভাগ, সেসকল দপ্তর প্রতিটি লিংক এ ক্লিক করে চেক করত হবে যে, লিংকে প্রদত্ত তথ্য হালনাগাত রযেছে কিনা? হালনাগাত না থাকলে হালনাগাত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দপ্তর প্রধানগণ (সকল) ও ইউনিয়ন সচিব (সকল) |
| ০২ | **ই-নথি সিস্টেমের বাস্তবায়ন:**<br>সরকারের সর্বক্ষেত্রে দাপ্তরিক নথি কার্যক্রম প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে অনলাইন নথি ব্যবস্থাপনায় (ই-নথি সিস্টেম) স্থানান্তর ও ব্যবহার নিশ্চিতকরণ। | ২.১। উপজেলার যে সকল সরকারী দপ্তর সমূহ নথির লাইভে রয়েছে তাদের সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথি সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |
| ০৩ | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত SRDL সহ অন্যান্য সকল কম্পিউটার ল্যাব সমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ:**<br>প্রযুক্তি নির্ভর শিক্ষার সম্প্রসারণ, দক্ষ জনশক্তি গড়ে তোলা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ভূমিকা রাখার তাগিদে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সরকার কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও | ৩.১। সকল শ্রেণির শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ, আইসিটির পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে তাত্ত্বিকের পাশাপাশি ইন্টারনেট সংযোগে ব্যবহারিকভাবে পাঠদান, প্রয়োজনীয় রেজিস্টারাদি নিয়মিত ব্যবহার ও হালনাগাদ রাখা, কম্পিউটার ও ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান, গাজীপুর সদর, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| | অন্যান্য কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। তাই সকল কম্পিউটার ল্যাবের সর্বোচ্চ ও যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং টেকসই করণ অত্যন্ত জরুরী বিধায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ব্যবহারকরণ ও সর্বদা সচল রাখা এবং সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩.২। বেকার অথবা আগ্রহী তরুণ-তরুণীদের জন্য বিনামূল্যে অথবা নির্দিষ্ট ফি এর বিনিময়ে ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করার বিষয়ে পদক্ষেপ গ্রহণে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪ | **সুরক্ষা এ্যাপ:**<br>সুরক্ষা এ্যাপের মাধ্যেমে নিবন্ধিত ব্যক্তিদের তথ্য সংশোধন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫.১।সুরক্ষা এ্যাপের মাধ্যেমে নিবন্ধিত ব্যক্তিদের তথ্য সংশোধনের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশান doict.gov.bd ওয়েভসাইটে রয়েছে। কাহারো তথ্য সংশোধনের প্রয়োজন হলে ওয়েভসাইটের নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ডুকমেন্ট সহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |

অতপর আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০১/২০২৪

ফয়সাল হক
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
গাজীপুর সদর, গাজীপুর।

স্মারক নং- ৫৬.০৪.৩৩৩০.০০০.১৮.০০১.২৪-০৫

তারিখঃ ২৮/০১/২০২৪ খ্রিঃ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় সংসদ সদস্য, গাজীপুর - ১ / গাজীপুর – ২ / গাজীপুর – ৩ / গাজীপুর – ৫ ।
২. জেলাপ্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর।
৪. অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।
৫. প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গাজীপুর।
৬. জনাব.........................................................................................।

২৮/০১/২০২৪

মোঃ ইমাম মেহেদী
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, গাজীপুর সদর, গাজীপুর